ঠাকুরগাঁওয়ে গ্রাম আদালত কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা ও করনীয় শীর্ষক দ্বি- মাসিক সমন্বয় সভা

শামসুল আলম, ঠাকুরগাঁও – ঠাকুরগাঁওয় গ্রাম আদালত সক্রিয়করণ (৩য় পর্যায়) প্রকল্পের কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা ও করনীয় শীর্ষক দ্বি- মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে। আজ(৩ ই জানুয়ারি) সোমবার বিকেলে ঠাকুরগাঁও সদর উপজেলা পরিষদ সভাকক্ষে স্থানীয় সরকার বিভাগের স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়ের বাস্তবায়নে ইউরোপিয় ইউনিয়ন ও জাতিসংঘের উন্নয়ন কর্মসূচির (ইউএনডিপি) সহযোগিতায় এ সভা অনুষ্ঠিত হয়।
উক্ত সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন ঠাকুরগাঁও সদর উপজেলা নিবার্হী কর্মকর্তা মোঃ খাইরুল ইসলাম, ইএসডিও এর সিনিয়র কো- অর্ডিনেটর প্রোগ্রাম অফিসার মোঃ শামীম হোসেন, বাংলাদেশ গ্রাম আদালত সক্রিয়করন প্রকল্পের মোছাঃ রুবি আক্তার, উপজেলা সমন্বয়কারী তাহমিনা ইয়াসমিন প্রমুখ। এসময় সদর উপজেলার সকল ইউনিয়নের পরিষদের সকল প্রশাসনিক কর্মকর্তা ও হিসাব সহকারী কাম কম্পিউটার অপারেটরা উপস্থিত ছিলেন।
উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে উপজেলা নিবার্হী কর্মকর্তা মোঃ খাইরুল ইসলাম বলেন, গ্রাম আদালতে দায়ের হওয়া মামলা সংশিষ্ট আইনানুযায়ী আপস – মীমাংসার মাধ্যমে নিষ্পত্তি করা যায়। মামলা মোকাদ্দমা ছাড়াই আদালতের বাইরে নিজেদের মধ্যে বসে আলাপ আলোচনার ভিত্তিতে সমোঝোতার মাধ্যমে সমস্যা সমাধানের সুযোগ সৃষ্টি করেছে গ্রাম আদালত। তাই গ্রাম আদালতের ক্ষমতায়ন সম্পর্কে সাধারণ মানুষের মধ্যে সঠিক ধারণা দিতে ব্যাপক প্রচারণা চালাতে হবে। একই সাথে সাধারণ মানুষ যেন গ্রাম আদালতে সঠিক বিচার পায় সেদিকে লক্ষ রাখতে হবে। গ্রাম আদালতের মাধ্যমে অতি দ্রæত ও সুষ্ঠু বিচার কার্যক্রম সম্পন্ন করতে ইউনিয়ন পরিষদকে গুরত¦পূর্ণ ভূমিকা রাখতে হবে। গ্রাম আদালতে সঠিক বিচার না পেলে সাধারণ মানুষ উচ্চ আদালতে দারস্থ হয়। এতে দিনে দিনে মামলা জোট বৃদ্ধি পায়। তিনি জানান এ থেকে পরিত্রানের জন্য একমাত্র উপায় হচ্ছে গ্রাম আদালত আইন ও বিধি অনুযায়ী পরিচালনা করে মামলা নিষ্পত্তি করা।